“তোমরা জুলুম- অত্যাচার করা থেকে বাঁচ। কেননা, জুলুম কিয়ামতের দিন বহু ধরনের অন্ধকারে পরিণত হবে। আর কৃপণতা থেকে দূরে থাক। কেননা, কৃপণতা তোমাদের পূর্ববর্তীদেরকে ধ্বংস করে দিয়েছে।

জাবির ইবন আব্দুল্লাহ রদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমরা জুলুম- অত্যাচার করা থেকে বাঁচ। কেননা, জুলুম কিয়ামতের দিন বহু ধরনের অন্ধকারে পরিণত হবে। আর কৃপণতা থেকে দূরে থাক। কেননা, কৃপণতা তোমাদের পূর্ববর্তীদেরকে ধ্বংস করে দিয়েছে। (এই কৃপণতাই) তাদেরকে রক্তপাত ও হারাম বস্তুকে হালাল করতে প্ররোচিত করেছিল।” [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম জুলুম থেকে সতর্ক করেছেন, যার মধ্যে রয়েছে মানুষের প্রতি জুলুম, নিজের প্রতি জুলুম এবং আল্লাহর হকের ক্ষেত্রে জুলুম। আর তা হলো, প্রত্যেক হকদারকে তার হক প্রদান না করা। এ জুলুম কিয়ামতের দিন জালিমদের জন্য বহু অন্ধকার হয়ে দেখা দেবে, যেখানে তারা কঠিন পরিস্থিতি ও ভয়াবহতার সম্মুখীন হবে। তিনি অতিশয় কৃপণতা থেকেও নিষেধ করেছেন, যা হলো লোভের সাথে অতিরিক্ত কৃপণতা। এর মধ্যে রয়েছে আর্থিক হক পালনে অবহেলা করা এবং দুনিয়ার প্রতি অতিরিক্ত লোভ। এ ধরনের জুলুমই আমাদের পূর্ববর্তী উম্মতদের ধ্বংসের কারণ হয়েছিল, যা তাদেরকে একে অপরকে হত্যা করতে এবং আল্লাহর নিষিদ্ধ বিষয়গুলোকে হালাল করতে প্ররোচিত করেছিল।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5787